



## গোলটেবিলে অভিমত

# গণস্বার্থবিরোধী চুক্তি বাতিল করা হোক

মহিউদ্দিন নিলয়

শান্তি এবং ক্ষতিপূরণ নিশ্চিত করতে হবে। নিশ্চিত করতে হবে গণস্বার্থ বিরোধী চুক্তি বাতিলের বিষয়টি। এরকম দাবি এখন সবার। বিভিন্ন স্তরের বিশিষ্ট ব্যক্তিবর্গদের আলোচনায় সোচ্চার হয়ে ওঠে বিষয়টি। তাদের সুস্পষ্ট অভিমত, ধ্বংসাত্মক সকল চুক্তি বাতিল করতে হবে। এই অভিমত আলোচনার মধ্য দিয়ে জমে ওঠে প্রেসক্লাবের কনফারেন্স রুম। জমে ওঠে সাপ্তাহিক ২০০০ এবং এ্যাকশন এইড বাংলাদেশের যৌথ উদ্যোগে আয়োজিত গোলটেবিল বৈঠকটি। অতিথিদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের ফলে দাঁড়িয়ে থাকতে হয়েছে অনেককেই।

গত রবিবার সকাল ১০টায় অনুষ্ঠিত হয় এই বৈঠক। প্রথমেই সাপ্তাহিক ২০০০-এর নির্বাহী সম্পাদক গোলাম মোর্তোজা শুভেচ্ছা বক্তব্য রাখেন। এরপর অনুষ্ঠানের সঞ্চালক বাংলাদেশ অর্থনীতি সমিতির সভাপতি ড. কাজী খলীকুজ্জামান সংশ্লিষ্ট প্রবন্ধ পাঠের ঘোষণা দেন। ভিজ্যুয়ালি রেখাচিত্রসহ বিশ্লেষণাত্মক প্রবন্ধ উপস্থাপন করেন ড. বদরুল ইমাম। উপস্থিত সকলের কাছে টেংরাটিলার ঘটনাটি স্পষ্ট হয়ে যায়। সঞ্চালক উন্মুক্ত আলোচনার আহ্বান জানান। সরকার এবং বিরোধী দলীয় রাজনীতিবিদ,

বিশিষ্ট অর্থনীতিবিদ, গবেষক, শিক্ষক, সাংবাদিক, আন্দোলনকারী, সুশীল সমাজের প্রতিনিধিরা অংশ নেন আলোচনায়। দেশের গ্যাস সম্পদ এবং টেংরাটিলার আশুন নিয়ে সবাই তাদের প্রতিক্রিয়া এবং অভিমত ব্যক্ত করেন। সরকার ও নাইকোর স্বেচ্ছাচারিতা নিয়ে কথা তোলেন কেউ কেউ। নিজ নিজ যুক্তির আলোকে সবাই তাদের দাবি তুলে ধরেন। তবে একটি বিষয়ে সব বক্তাই একমত পোষণ করেন। তা হলো, নাইকোর সঙ্গে চুক্তি বাতিল করতে হবে। যত দ্রুত সম্ভব এই দাবির কার্যকারিতার প্রতি অভিমত ব্যক্ত করেন বক্তারা।

গোলটেবিল বৈঠকে উপস্থিত ছিলেন শিক্ষাবিদ ড. সিরাজুল ইসলাম চৌধুরী, বিচারপতি গোলাম রব্বানী, আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য সুরঞ্জিত সেনগুপ্ত এমপি, লে. কর্নেল (অবঃ) ফারুক খান এমপি, জ্বালানি ও খনিজ বিষয়ক সংসদীয় কমিটির সদস্য বিএনপির সরদার সাখাওয়াত হোসেন বকুল এমপি, মোয়াজ্জেম হোসেন আলল

এমপি, সিপিবি'র সাধারণ সম্পাদক মুজাহেদুল ইসলাম সেলিম, বিশিষ্ট অর্থনীতিবিদ ড. আনু মুহাম্মদ, ড. আতিউর রহমান, বুয়েটের ড. নূরুল ইসলাম, ঢাবির ড. হোসেন মনসুর, পেট্রোবাংলার সাবেক চেয়ারম্যান এস.কে আবদুল্লাহ, তত্ত্বাবধায়ক সরকারের সাবেক জ্বালানি উপদেষ্টা আমানুল ইসলাম চৌধুরী, আমাদের সময়-এর সম্পাদক নাঈমুল ইসলাম খান, সংবাদ-এর নির্বাহী সম্পাদক মঞ্জুরুল আহসান বুলবুল, নিউ এজ-এর নির্বাহী সম্পাদক নূরুল কবীর, প্রথম আলোর বার্তা সম্পাদক সানাউল্লাহ লাভলু, ড. আসিফ নজরুল, হায়দার আকবর খান রনো, দি হাস্কার প্রজেক্ট বাংলাদেশের কান্ডি ডিরেক্টর ড. বদিউল আলম মজুমদার এবং এ্যাকশন এইড বাংলাদেশের কান্ডি ডিরেক্টর নাসরিন হক। এছাড়াও মাগুরাছড়া, টেংরাটিলা গ্যাস বিস্ফোরণে ক্ষতিগ্রস্তরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

গোলটেবিল বৈঠকে সমাপনী বক্তব্য রাখেন নাসরিন হক। তিনি সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন। পাশাপাশি তেল গ্যাস সম্পদের মতো গুরুত্বপূর্ণ বিষয়গুলো নিয়ে সাপ্তাহিক ২০০০ এবং এ্যাকশন এইড যৌথভাবে কাজ করে যাওয়ার অঙ্গীকার ব্যক্ত করেন। এই অঙ্গীকারের বাস্তবায়ন জাতীয় সমৃদ্ধির পথে রাখবে সহায়ক ভূমিকা।

### ঘোষণা

‘টেংরাটিলার আশুন এবং বাংলাদেশের তেল-গ্যাস সম্পদ’ শীর্ষক গোলটেবিল বৈঠকের ক্রোড়পত্র প্রকাশিত হবে আগামী সংখ্যায়।